



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৬১৭

তারিখ: ৭ আষাঢ়. ১৪২৭

২১ জুন ২০২০

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে নৌপথে মোট ৩৮০০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচল উপসূচি।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২০/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৬১৩ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে সিরাজগঞ্জ জেলার বাঘাবাড়ি ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডি এবং চাঁদপুর সিএসডিতে নৌপথে ৩৮০০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচল সূচি জারি করা হয়। এক্ষণে বাঘাবাড়ি ঘাট হতে নিম্নোক্তভাবে ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে চলাচল উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো।

বাঘাবাড়ি ঘাট হতে বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডি ও চাঁদপুর সিএসডিতে নৌপথে আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচল উপসূচি :

ক্রঃনং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	মন্তব্য
১.	মে/হারুন এন্ড কোং	মেজর ক্যারিয়ার, খুলনা	বাঘাবাড়ি ঘাট	ভোলা	ভোলা এলএসডি	৬০০	আমন'১৯-২০ সিদ্ধ চাল	আখানি, রাজশাহী নিম্নোক্ত খাদ্য গুদাম হতে আমন'১৯-২০ সিদ্ধচাল বাঘাবাড়ি ঘাটে পরিবহণ করাবেন।
২.	মে/কাজী সাহিদুর রহমান	ঐ	ঐ	ঐ	ভোলা (হিঃ দৌলতখান) এলএসডি	৬০০	ঐ	জেলা- বগুড়া জামুরহাট-৪০০ মে.টন তালোড়া-৭০০ মে.টন দুপচাঁচিয়া-২০০ মে.টন নশরৎপুর-৩০০ মে.টন
৩.	মে/এস এ বাশার এন্ড কোং লিঃ	ডিবিসিসি (খু-ব)	ঐ	বরগুনা	আমতলী এলএসডি	৬০০	ঐ	জেলা- জয়পুরহাট জয়পুরহাট-৭০০ মে.টন পাঁচবিবি-৮০০ মে.টন কালাই-৭০০ মে.টন
৪.	মে/লতিফ এন্ড কোং	ডিবিসিসি ঢাকা (গুপ-বি)	ঐ	চাঁদপুর	চাঁদপুর সিএসডি	৫০০	ঐ	
৫.	মে/ব্রাইট এন্ড কোং	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০	ঐ	
৬.	মে/নূর এন্টারপ্রাইজ	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০		
৭.	মে/ট্রেড লিংকার্স	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০		
					মোট=	৩৮০০		

খাদ্যশস্য পরিবহনের ক্ষেত্রে আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনাঃ

১। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি/র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

২। সুচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্যক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়ারহাউজ বা এলএসডি/সিএসডিতে

চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেন্সিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন।

৩। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৪। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক/বার্জে এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;


৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ৩০/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্যক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।



২১-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক

খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ, রাজশাহী।

৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট, রাজশাহী।

৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৬১৭/১(১২)

তারিখ: ৭ আষাঢ়. ১৪২৭

২১ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা


হলো)

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ।

১০) ব্যবস্থাপক,, সিএসডি।

১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।

১২) মেসার্স, মেজর ক্যারিয়ার, খুলনা/ডিবিসিসি (খু-ব)/ডিবিসিসি, ঢাকা নৌ পরিবহণ
ঠিকাদার।



২১-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক